

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯

০৪ আষাঢ় ১৪০৯
তারিখ : -----
১৮ জুন ২০০২

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

স্থগিত সুদ এবং অনারোপিত সুদ আয়খাতে হিসাবায়ন প্রসংগে ।

সম্প্রতি কোন কোন ব্যাংকশাখায় বিরূপ শ্রেণীবিন্যাসিত ঋণহিসাব পুনতপসিলিকরণের মাধ্যমে বিশ্লেণীবিন্যাসিত করবার পর্যায়ে অনাদায়ী সুদ আয়খাতে হিসাবায়নের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে, যা নির্দেশিত বিধিব্যবস্থার গুরুতর ধরণের লংঘন ।

এবিষয়ে বিসিডি সার্কুলার নং-৩৪/৮৯ এর ৯(গ) নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক পুনরুল্লেখ করা যাচ্ছে যে ঋণহিসাব শ্রেণীকৃত থাকাকালে উদ্ভূত সুদ পরিশোধ আদায় না হওয়া পর্যন্ত স্থগিত সুদ হিসাবেই অবস্থান করবে; সুদের প্রকৃত আদায়কৃত অংশই কেবল আয়খাতে হিসাবায়ন করা যাবে ।

আপনাদের ব্যাংকের সকল শাখায় উপরোক্ত নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ অবিলম্বে গ্রহণের জন্য এতদ্বারা উপদেশ দেয়া যাচ্ছে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২৫৮৪৪